## দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠান শক্তিশালীকরণ উদ্যোগ:

# বাংলাদেশ দুর্নীতি দমন কমিশনের ওপর পর্যালোচনা

## নির্দেশক ও তাদের স্কোরিংয়ের ব্যাখ্যা

***ক্ষেত্র ১: দুদকের আইনি স্বাধীনতা ও মর্যাদা (৭টি নির্দেশক)***

| | |
|---|---|
| **১.** | **দুদকের আইনি স্বাধীনতা**<br>**উচ্চ:** স্বাধীন সংস্থা<br>**মধ্যম:** মন্ত্রণালয়ের বাইরে পৃথক সংস্থা<br>**নিম্ন:** পুলিশ বিভাগ বা মন্ত্রণালয়ের আওতাধীন |
| **২.** | **দুদকের কাজের আওতা**<br>**উচ্চ:** তদন্ত, শিক্ষা ও প্রতিরোধের ওপর মনোযোগ (প্রযোজ্য ক্ষেত্রে বিচারসহ)<br>মধ্যম: মূল লক্ষ্য তদন্ত<br>**নিম্ন:** শিক্ষা ও প্রতিরোধ (তদন্ত ছাড়া) |
| **৩.** | **দুদকের আইনি ক্ষমতা**<br>**উচ্চ:** ব্যাপক ক্ষমতা (যেমন, গ্রেপ্তার বা গ্রেপ্তারের জন্য অনুসন্ধান, সন্দেহভাজন ব্যক্তির ব্যাংক অ্যাকাউন্ট নিরীক্ষা, সেফ ডিপোজিটে গচ্ছিত সম্পদ, আয়কর ও সম্পদ বিবরণী পরীক্ষা এবং বাড়িতে/অফিসে প্রবেশ ও তল্লাশি)<br>মধ্যম: কিছু পরিমাণ ক্ষমতা<br>**নিম্ন:** সামান্য ক্ষমতা অথবা কোনো ক্ষমতা নেই |
| **৪.** | **দুদকের কমিশনারদের নিয়োগ**<br>**উচ্চ:** স্বাধীন কমিটির দ্বারা নৈর্ব্যক্তিক যোগ্যতা ব্যবহার এবং স্বচ্ছ প্রক্রিয়া<br>**মধ্যম:** মন্ত্রণালয়-ভিত্তিক কমিটির দ্বারা নৈর্ব্যক্তিক যোগ্যতা ব্যবহার কিন্তু প্রক্রিয়া স্বচ্ছ নয়<br>**নিম্ন:** প্রধানমন্ত্রী/ রাষ্ট্রপতির দ্বারা সিদ্ধান্ত গ্রহণ এবং প্রক্রিয়া স্বচ্ছ নয় |
| **৫.** | **দুদকের কমিশনারদের মেয়াদ ও অপসারণ**<br>**উচ্চ:** নির্দিষ্ট মেয়াদ (অযোগ্যতা বা অসদাচরণের প্রমাণ ছাড়া কমিশনারদের অপসারণ খুব দুরূহ)<br>**মধ্যম:** নির্দিষ্ট মেয়াদের শর্ত আছে তবে কমিশনারদের অপসারণ কঠিন নয়<br>**নিম্ন:** কোনো নির্দিষ্ট মেয়াদ নেই এবং কমিশনারদের দ্রুত অপসারণ করা যায় |
| **৬.** | **দুদকের কর্ম সম্পাদনের স্বাধীনতা ও নিরপেক্ষতা**<br>**উচ্চ:** উচ্চ (কোনো রাজনৈতিক হস্তক্ষেপ নেই)<br>**মধ্যম:** সীমিত (কিছু রাজনৈতিক হস্তক্ষেপ রয়েছে)<br>**নিম্ন:** নিম্ন (উঁচু পর্যায়ের রাজনৈতিক হস্তক্ষেপ রয়েছে) |
| **৭.** | **বিরোধী রাজনৈতিক দলের বিরুদ্ধে দুর্নীতিকে অস্ত্র হিসেবে ব্যবহারের জন্য দুদকের ওপর সরকারের নির্ভরশীলতা**<br>**উচ্চ:** সরকার রাজনৈতিক প্রতিপক্ষের বিরুদ্ধে দুদককে ব্যবহার করে নি<br>**মধ্যম:** সরকার রাজনৈতিক প্রতিপক্ষের বিরুদ্ধে দুদককে কিছু পরিমাণে ব্যবহার করেছে<br>**নিম্ন:** রাজনৈতিক প্রতিপক্ষের বিরুদ্ধে দুদককে ব্যাপকভাবে ব্যবহার করার উদাহরণ বিদ্যমান |

## *ক্ষেত্র ২: অর্থ ও মানবসম্পদ (৯টি নির্দেশক)*

| | |
|---|---|
| ১. | **গত তিনবছরে জাতীয় বাজেটের সাপেক্ষে দুদকের বাজেট (গড় হার)**<br>**উচ্চ:** ০.২০ শতাংশের বেশি<br>**মধ্যম:** ০.১০ শতাংশ থেকে ০.২০ শতাংশ<br>**নিম্ন:** ০.১০ শতাংশের নিচে |
| ২. | **বরাদ্দকৃত বাজেট দুদকের কার্যক্রম পরিচালনায় প্রয়োজনের তুলনায় কতটুকু যথেষ্ট**<br>**উচ্চ:** পর্যাপ্তের বেশি (চাহিদার ৮০ থেকে ১০০ শতাংশ পাওয়া গেছে)<br>**মধ্যম:** পর্যাপ্ত (চাহিদার ৬৬ থেকে ৭৯ শতাংশ পাওয়া গেছে)<br>**নিম্ন:** অপর্যাপ্ত (চাহিদার ৬৬ শতাংশের কম পাওয়া গেছে) |
| ৩. | **গত তিনবছরে দুদকের বাজেটের নিরাপত্তা ও স্থিতিশীলতা**<br>**উচ্চ:** বিগত বছরের বাজেটের ওপর নির্ভর করে বাজেট বরাদ্দ হয়েছে এবং বরাদ্দ কমে নি<br>**মধ্যম:** গত তিনবছরে দুদকের বাজেট কমে নি<br>**নিম্ন:** গত তিনবছরে দুদকের বাজেট কমেছে |
| ৪. | **দুদকের কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও ভাতা**<br>**উচ্চ:** প্রতিযোগিতামূলক বেতন ও সুযোগ-সুবিধা<br>**মধ্যম:** বেতন-ভাতা পর্যাপ্ত<br>**নিম্ন:** বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা কম |
| ৫. | **দুদকের কর্মী বাছাইয়ের শর্ত**<br>**উচ্চ:** মেধাভিত্তিক ও স্বচ্ছ প্রক্রিয়া<br>**মধ্যম:** সীমিত মেধাভিত্তিক বা স্বচ্ছ প্রক্রিয়া<br>**নিম্ন:** পছন্দের মাধ্যমে নির্বাচন এবং প্রক্রিয়া স্বচ্ছ নয় |
| ৬. | **তদন্ত ও অনুসন্ধান কার্যক্রমে দুদকের কর্মীদের দক্ষতা**<br>**উচ্চ:** উঁচু পর্যায়ের দক্ষতা রয়েছে<br>**মধ্যম:** কোনো কোনো ক্ষেত্রে দক্ষতার ঘাটতি রয়েছে<br>**নিম্ন:** অনেকগুলো ক্ষেত্রে দক্ষতার ঘাটতি রয়েছে |
| ৭. | **দুর্নীতি প্রতিরোধ ও প্রচারণা কার্যক্রমে দুদকের কর্মীদের দক্ষতা**<br>**উচ্চ:** উঁচু পর্যায়ের দক্ষতা রয়েছে<br>**মধ্যম:** কোনো কোনো ক্ষেত্রে দক্ষতার ঘাটতি রয়েছে<br>**নিম্ন:** অনেকগুলো ক্ষেত্রে দক্ষতার ঘাটতি রয়েছে |
| ৮. | **দুদকের কর্মীদের প্রশিক্ষণ**<br>**উচ্চ:** অনেক প্রশিক্ষণের সুযোগসহ সু-প্রশিক্ষিত কর্মী<br>**মধ্যম:** সীমিত প্রশিক্ষণের সুযোগসহ কিছু প্রশিক্ষিত কর্মী<br>নিম্ন: প্রশিক্ষণ গুরুত্বহীন ও অবহেলিত |
| ৯. | **দুদকের কর্মকর্তা-কর্মচারীদের চাকরির স্থায়িত্ব**<br>**উচ্চ:** পদত্যাগের হার কম (প্রতিবছর ০ শতাংশ থেকে ৫ শতাংশ)<br>**মধ্যম:** মাঝারি হারে পদত্যাগ ও চাকরিচ্যুতি (প্রতিবছর ৫ থেকে ১০ শতাংশ)<br>**নিম্ন: উঁচু** হারে পদত্যাগ ও চাকরিচ্যুতি (প্রতিবছর ১০ শতাংশের বেশি) |

## *ক্ষেত্র ৩: দুদকের অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম (৯টি নির্দেশক)*

| | |
|---|---|
| ১. | **গত তিনবছরে জনগণ ও তথ্য প্রকাশকারীদের কাছ থেকে দুর্নীতির অভিযোগ/ তথ্য পাওয়ার ক্ষেত্রে দুদকের অভিগম্যতা**<br>**উচ্চ:** দেশের জনসংখ্যা ও দুর্নীতির ধারণার প্রেক্ষিতে দুর্নীতির অভিযোগ দাখিলের উচ্চ পরিমাণ এবং নিজেদের তথ্য প্রকাশে আগ্রহী অভিযোগকারীদের হারের প্রেক্ষিতে উচ্চ অভিগম্যতা<br>**মধ্যম:** দেশের জনসংখ্যা ও দুর্নীতির ধারণার প্রেক্ষিতে দুর্নীতির অভিযোগ দাখিলের মধ্যম পরিমাণ এবং নিজেদের তথ্য প্রকাশে |

আগ্রহী অভিযোগকারীদের হারের প্রেক্ষিতে মধ্যম অভিগম্যতা

**নিম্ন:** দেশের জনসংখ্যা ও দুর্নীতির ধারণার প্রেক্ষিতে দুর্নীতির অভিযোগ দাখিলের কম পরিমাণ এবং নিজেদের তথ্য প্রকাশে আগ্রহী অভিযোগকারীদের কম হারের প্রেক্ষিতে নিম্ন অভিগম্যতা

**২. গত তিনবছরে দুর্নীতির অভিযোগের বিষয়ে দুদকের সাড়া দেওয়া**

**উচ্চ:** দুদক গত তিনবছরে দুর্নীতির অভিযোগে ব্যাপক মাত্রায় সাড়া দিয়েছে, যার প্রমাণ তদন্ত শুরু ও শেষ করা অভিযোগের উচ্চ সংখ্যা

**মধ্যম:** দুদক গত তিনবছরে দুর্নীতির অভিযোগে মধ্যম মাত্রায় সাড়া দিয়েছে, যার প্রমাণ তদন্ত শুরু ও শেষ করা অভিযোগের মাঝারি সংখ্যা

**নিম্ন:** গত তিনবছরে দুদক দুর্নীতির অভিযোগের খুব কম সাড়া দিয়েছে

**৩. গত তিনবছরে দুর্নীতির তদন্ত হাতে নিতে দুদকের সদিচ্ছা**

**উচ্চ:** ব্যাপক সংখ্যায় দুর্নীতির তদন্ত শুরু

**মধ্যম:** মধ্যম সংখ্যক দুর্নীতির তদন্ত শুরু

**নিম্ন:** কম সংখ্যক দুর্নীতির তদন্ত শুরু

**৪. গত তিনবছরে প্রতিবছর গড়ে তদন্তের সংখ্যা**

**উচ্চ:** গত তিনবছরে দুদক প্রতিবছর গড়ে ১,০০০-এর বেশি মামলার তদন্ত করেছে

**মধ্যম:** গত তিনবছরে দুদক প্রতিবছর গড়ে ৩০০ থেকে ৯৯৯টি মামলার তদন্ত করেছে

**নিম্ন:** গত তিনবছরে দুদক প্রতিবছর গড়ে ৩০০-এর কম মামলার তদন্ত করেছে

**৫. গত তিনবছরে দুর্নীতির তদন্তের ক্ষেত্রে দুদকের দক্ষতা ও পেশাদারত্ব**

**উচ্চ:** দুর্নীতির তদন্তে খুবই দক্ষ ও পেশাদার

**মধ্যম:** দুর্নীতির তদন্তে দক্ষ ও পেশাদার

**নিম্ন:** দুর্নীতির তদন্তে অদক্ষ ও অপেশাদার

**৬. গত তিনবছরে দুদকের তদন্তকৃত মামলায় দণ্ডাদেশের গড় হার**

**উচ্চ:** ৭৫ শতাংশের বেশি

**মধ্যম:** ৫০ থেকে ৭৫ শতাংশ

**নিম্ন:** ৫০ শতাংশের নিচে

**৭. গত তিনবছরে প্রভাবশালী ব্যক্তিদের দুর্নীতি তদন্তে দুদকের সদিচ্ছা**

**উচ্চ:** প্রভাবশালী ব্যক্তিদের দুর্নীতির তদন্তের যথেষ্ট প্রমাণ

**মধ্যম:** প্রভাবশালী ব্যক্তিদের দুর্নীতির তদন্তের কিছু প্রমাণ

**নিম্ন:** প্রভাবশালী ব্যক্তিদের দুর্নীতির তদন্তের কোনো প্রমাণ নেই

**৮. গত তিনবছরে দুর্নীতির মাধ্যমে অর্জিত সম্পদ ফেরত, উদ্ধার, জব্দ ও বাজেয়াপ্ত করার ক্ষেত্রে দুদকের ভূমিকা**

**উচ্চ:** খুবই সক্রিয় ভূমিকা

**মধ্যম:** মাঝামাঝি সক্রিয় ভূমিকা

**নিম্ন:** কোনো ভূমিকা নেই

**৯. দুর্নীতির অভিযোগ গ্রহণ ও দুর্নীতির প্রবণতা তদারকির ক্ষেত্রে দুদক জেন্ডারভিত্তিক তথ্য সংরক্ষণ করে কিনা**

**উচ্চ:** কিভাবে দুর্নীতি নারীদের ওপর প্রভাব ফেলে তা অনুসরণ করার জন্য জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ করে

**মধ্যম:** কিভাবে দুর্নীতি নারীদের ওপর প্রভাব ফেলে তা অনুসরণ করার জন্য জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ করলেও এ ধরনের তদারকি করে না

**নিম্ন:** দুদক জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ করে না

## *ক্ষেত্র ৪: দুদকের প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রম (৯টি নির্দেশক)*

**১. গত তিনবছরে দুদকের আউটরিচ ও প্রতিরোধ কার্যক্রমের পরিচালনা ব্যয়ের অনুপাতের গড়**

**উচ্চ:** দুদকের পরিচালনা ব্যয়ের ১%-এর বেশি

**মধ্যম:** দুদকের পরিচালনা ব্যয়ের ০.৫% থেকে ১%

**নিম্ন:** দুদকের পরিচালনা ব্যয়ের ০.৫%-এর নিচে

**২. দুর্নীতি প্রতিরোধে গত তিবছরে দুদকের উদ্যোগ**

**উচ্চ:** অনেক দুর্নীতি প্রতিরোধ উদ্যোগ (বছরে গড়ে ৩টি বা বেশি)

| | |
|---|---|
| | **মধ্যম:** কিছু দুর্নীতি প্রতিরোধ উদ্যোগ (বছরে গড়ে ১/২টি)<br>**নিম্ন:** হাতে গোনা দুর্নীতি প্রতিরোধ উদ্যোগ কিংবা একটিও নয় |
| ৩. | **গত তিনবছরে দুর্নীতি প্রতিরোধে সাংগঠনিক পদ্ধতি, ব্যবস্থা ও সক্ষমতা নিয়ে দুদকের পর্যালোচনা**<br>**উচ্চ:** অনেকগুলো পর্যালোচনা (আওতাধীন প্রতিষ্ঠানের সংখ্যার তুলনায়)<br>**মধ্যম:** উল্লেখযোগ্যসংখ্যক পর্যালোচনা (আওতাধীন প্রতিষ্ঠানের সংখ্যার তুলনায়)<br>**নিম্ন:** হাতে-গোনা কয়েকটি পর্যালোচনা কিংবা একটিও নয় (আওতাধীন প্রতিষ্ঠানের সংখ্যার তুলনায়) |
| ৪. | **গত তিনবছরে দুদকের তদন্ত প্রতিবেদনে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে সুপারিশ করার হার**<br>**উচ্চ:** প্রায়ই<br>**মধ্যম:** কখনো কখনো<br>**নিম্ন:** কখনোই নয় |
| ৫. | **প্রতিরোধ, শিক্ষামূলক কাজ ও আউটরিচ বিষয়ে দুদকের পরিকল্পনা ও তার বাস্তবায়ন**<br>**উচ্চ:** সার্বিক ও পরিষ্কার পরিকল্পনা যা বাস্তবায়িত হয় এবং অংশগ্রহণমূলক<br>**মধ্যম:** প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রমের সার্বিক পরিকল্পনা রয়েছে কিন্তু পুরোপুরি বাস্তবায়িত হয় না<br>**নিম্ন:** প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রমের কোনো সার্বিক পরিকল্পনা নেই |
| ৬. | **প্রতিরোধ,শিক্ষা ও আউটরিচ কার্যক্রমে অন্যান্য অংশীজনের সাথে দুদকের সহযোগিতা**<br>**উচ্চ:** উঁচু মাত্রার সহযোগিতা, তিনটি বা বেশি যৌথ প্রকল্প<br>**মধ্যম:** কিছু মাত্রার সহযোগিতা, একটি বা দুটি যৌথ প্রকল্প<br>**নিম্ন:** অন্য অংশীজনের সাথে সামান্য সহযোগিতা বা কোনো সহযোগিতাই নয় |
| ৭. | **দুর্নীতির ঝুঁকি, পরিপ্রেক্ষিত ও পরিবেশ নিয়ে দুদকের গবেষণা ও অনুসন্ধান**<br>**উচ্চ:** ঝুঁকি পর্যালোচনা ও খাতভিত্তিক দুর্নীতি চিহ্নিত করার জন্য গবেষণার ব্যাপক ব্যবহার<br>**মধ্যম:** ঝুঁকি পর্যালোচনা ও খাতভিত্তিক দুর্নীতি চিহ্নিত করার জন্য কিছু কিছু গবেষণা<br>**নিম্ন:** কম সংখ্যক গবেষণা বা গবেষণা একেবারেই না থাকা |
| ৮. | **দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত তথ্য প্রচার ও প্রচারণা**<br>**উচ্চ:** দুর্নীতি প্রতিরোধমূলক তথ্যের ব্যাপক প্রচার ও প্রচারণা<br>**মধ্যম:** দুর্নীতি প্রতিরোধমূলক তথ্যের সীমিত প্রচার ও প্রচারণা<br>**নিম্ন:** দুর্নীতি প্রতিরোধমূলক তথ্যের প্রচার বা প্রচারণা নেই |
| ৯. | **দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত তথ্য প্রচারে ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার**<br>**উচ্চ:** দুর্নীতি প্রতিরোধমূলক তথ্য প্রচারে ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যাপক ব্যবহার<br>**মধ্যম:** দুর্নীতি প্রতিরোধমূলক তথ্য প্রচারে ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের সীমিত ব্যবহার<br>**নিম্ন:** দুর্নীতি প্রতিরোধমূলক তথ্য প্রচারে কোনো ওয়েবসাইট নেই ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ওপর নির্ভর করে না |

### *ক্ষেত্র ৫: অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা (৫টি নির্দেশক)*

| | |
|---|---|
| ১. | **দুর্নীতির মামলায় সরকারের পক্ষ থেকে সহায়তা (যেমন অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, পাবলিক প্রসিকিউশনসের পরিচালক)**<br>**উচ্চ:** উচ্চমাত্রার সহযোগিতা, হস্তক্ষেপ নেই এবং গড়ে ৭৫ শতাংশের ওপর ঘটনার বিচার হয়<br>মধ্যম: মাঝারি মাত্রার সহযোগিতা, কিছু হস্তক্ষেপ এবং গড়ে ৫০ থেকে ৭৫ শতাংশের বেশি ঘটনার বিচার হয়<br>**নিম্ন:** নিম্নমাত্রার সহযোগিতা, ব্যাপক হস্তক্ষেপ এবং গড় বিচারের হার ৫০ শতাংশের কম |
| ২. | **দুদক ও অন্যান্য দুর্নীতি দমন প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতা (একাধিক দুর্নীতি দমন প্রতিষ্ঠানসহ)**<br>**উচ্চ:** দুদক ও দেশের অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের মধ্যে উচ্চ পর্যায়ের সমন্বয়<br>**মধ্যম:** দুদক ও দেশের অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের মধ্যে সীমিত সমন্বয়<br>**নিম্ন:** দুদক ও দেশের অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের মধ্যে দ্বন্দ্ব এবং/ বা সহযোগিতার ঘাটতি |
| ৩. | **দুদক এবং নাগরিক সমাজের প্রতিষ্ঠান ও বেসরকারি কোম্পানিসহ বেসরকারি সংগঠনগুলোর মধ্যে সহযোগিতা**<br>**উচ্চ:** দুদক এবং সিএসও ও বেসরকারি কোম্পানিসহ বেসরকারি সংগঠনগুলোর মধ্যে উঁচু মাত্রায় সহযোগিতা<br>**মধ্যম:** দুদক ও অন্য সংগঠনগুলোর মধ্যে সীমিত মাত্রায় কিছু সহযোগিতা<br>**নিম্ন:** দুদক ও অন্য সংগঠনগুলোর মধ্যে দ্বন্দ্ব এবং/অথবা সহযোগিতার অভাব |
| ৪. | **আন্তর্জাতিক নেটওয়ার্কে দুদকের অংশগ্রহণ** |

**উচ্চ:** খুবই সক্রিয়, তিনটি বা আরও বেশি নেটওয়ার্কে অংশগ্রহণ
**মধ্যম:** সক্রিয়, এক বা দুটি নেটওয়ার্কে অংশগ্রহণ
**নিম্ন:** কোনো নেটওয়ার্কেই দুদকের অংশগ্রহণ নেই

**৫. অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা**
**উচ্চ:** দুদক ও অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের মধ্যে যৌথ প্রকল্প ও কারিগরি সহায়তাসহ উচ্চ পর্যায়ের সহযোগিতা
**মধ্যম:** দুদক ও অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের মধ্যে কোনো কোনো ক্ষেত্রে সীমিত সহযোগিতা
**নিম্ন:** দুদক ও অন্যান্য দেশের দুর্নীতি-বিরোধী প্রতিষ্ঠানের মধ্যে কোনো সহযোগিতা নেই

### *ক্ষেত্র ৬: দুদকের জবাবদিহিতা ও তদারকি (৪টি নির্দেশক)*

**১. দুদকের বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইটে প্রদত্ত তথ্য ও তা দেখার সুযোগ**
**উচ্চ:** বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইটে বিশদ তথ্য দেওয়া হয়েছে; তা সংসদে উপস্থাপিত ও জন-সাধারণ সহজেই পেতে পারে
**মধ্যম:** বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইটে সীমিত পরিমাণে তথ্য দেওয়া হয়, তা সংসদেও উপস্থাপিত হয় তবে জন-সাধারণের সহজে পাওয়ার সুযোগ নেই
**নিম্ন:** সরকারের কাছে বার্ষিক প্রতিবেদন দেওয়া হয়, তবে জন-সাধারণের তা দেখার সুযোগ নেই

**২. দুদকের স্বাধীন তদারকি ব্যবস্থা**
**উচ্চ:** সংসদ সদস্য, সিনিয়র সরকারি কর্মকর্তা ও প্রখ্যাত নাগরিকদের সক্রিয় অংশগ্রহণে গঠিত তদারকি কমিটি
**মধ্যম:** সংসদ সদস্য এবং/অথবা সিনিয়র সরকারি কর্মকর্তাদের নিয়ে গঠিত তদারকি কমিটি
**নিম্ন:** কোনো তদারকি কমিটি ছাড়াই নির্বাহী বিভাগের কাছে দায়বদ্ধ

**৩. দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে পর্যালোচনা প্রক্রিয়া**
**উচ্চ:** স্বার্থের দ্বন্দ্ব এড়ানোর জন্য দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তদন্ত অন্য সরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে সম্পন্ন হয়; তদন্তের ফলাফল ও শাস্তির তথ্য প্রকাশ করা হয়
**মধ্যম:** দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তদন্ত দুদকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ দ্বারা সম্পন্ন হয়, কিন্তু তদন্তের ফলাফল ও শাস্তির তথ্য প্রকাশ করা হয় না
**নিম্ন:** দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের গুরুত্ব দেওয়া হয় না বা কোনো ব্যাখ্যা ছাড়াই তদন্ত করা হয় না

**৪. গত তিনবছরে দুদক বা এর কর্মীদের বিরুদ্ধে অভিযোগের পরিণতি**
**উচ্চ:** সব সত্যি অভিযোগের ব্যাপারে জড়িতদের সাজা বা অন্য ব্যবস্থা নেওয়া হয় এবং তা প্রকাশ করা হয়
**মধ্যম:** কিছু কিছু সত্যি অভিযোগের ব্যাপারে জড়িতদের সাজা বা অন্য ব্যবস্থা নেওয়া হয় এবং তা প্রকাশ করা হয়
**নিম্ন:** দুদকের কর্মীদের বিরুদ্ধে অভিযোগের ব্যাপারটি উপেক্ষা করা হয় এবং তা আদৌ তদন্ত করা হয় না

### *ক্ষেত্র ৭: দুদকের কার্যক্রম সম্পর্কে জনগণের ধারণা (৭টি নির্দেশক)*

**১. দুর্নীতি দমনে সরকার দুদককে যথেষ্ট পরিমাণ প্রয়োজনীয় ক্ষমতা, সম্পদ ও কর্তৃত্ব দিয়েছে সে বিষয়ে জনগণের আস্থা**
**উচ্চ:** জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ আস্থা
**মধ্যম:** জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম আস্থা
**নিম্ন:** জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন আস্থা

**২. দুর্নীতি দমনে দুদকের নির্ধারিত প্রক্রিয়া মেনে চলা, নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে ক্ষমতার ব্যবহারের ওপর জনগণের আস্থা**
**উচ্চ:** জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ আস্থা
**মধ্যম:** জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম আস্থা
**নিম্ন:** জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন আস্থা

| | |
|---|---|
| ৩. | **দুর্নীতি দমনে নির্ধারিত প্রক্রিয়া মেনে চলা, নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের আস্থা**<br>**উচ্চ:** জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ আস্থা<br>**মধ্যম:** জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম আস্থা<br>**নিম্ন:** জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন আস্থা |
| ৪. | **দুদকের সম্মানজনক ও শ্রদ্ধাশীল ব্যবহারের ক্ষেত্রে তদন্তাধীন ব্যক্তিদের আস্থা**<br>**উচ্চ:** দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ, সাংবাদিক এবং তদন্তাধীন ব্যক্তির মতামত থেকে প্রাপ্ত উচ্চ আস্থা<br>**মধ্যম:** দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ, সাংবাদিক এবং তদন্তাধীন ব্যক্তির মতামত থেকে প্রাপ্ত মধ্যম আস্থা<br>**নিম্ন:** দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ, সাংবাদিক এবং তদন্তাধীন ব্যক্তির মতামত থেকে প্রাপ্ত নিম্ন আস্থা |
| ৫. | **দুর্নীতি নিয়ন্ত্রণে দুদকের কার্যকরতার ওপর জনগণের ধারণা**<br>**উচ্চ:** জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ পর্যায়ের কার্যকরতা<br>**মধ্যম:** জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম পর্যায়ের কার্যকরতা<br>**নিম্ন:** জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন পর্যায়ের কার্যকরতা |
| ৬. | **দুর্নীতি নিয়ন্ত্রণে দুদকের কার্যকরতার ওপর দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের ধারণা**<br>**উচ্চ:** জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ পর্যায়ের কার্যকরতা<br>**মধ্যম:** জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম পর্যায়ের কার্যকরতা<br>**নিম্ন:** জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন পর্যায়ের কার্যকরতা |
| ৭. | **দুর্নীতি নিয়ন্ত্রণে দুদকের কার্যকরতার ওপর দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন নারীদের ধারণা**<br>**উচ্চ:** জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও সম্ভব হলে দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন নারীদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ পর্যায়ের কার্যকরতা<br>**মধ্যম:** জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও সম্ভব হলে দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন নারীদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম পর্যায়ের কার্যকরতা<br>**নিম্ন:** জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও সম্ভব হলে দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন নারীদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন পর্যায়ের কার্যকরতা |